

পে স্কেল নিয়ে শিক্ষকদের অসন্তোষ শিক্ষা প্রতিষ্ঠানে কর্মবিরতি আজ

যুগান্তর রিপোর্ট

নতুন বছরের শুরুতেই শিক্ষকদের আন্দোলনের মুখে পড়ল সরকার। নতুন জাতীয় বেতন স্কেলে অতর্কিত দাবিতে সরকারপন্থী ও বিরোধী বিভিন্ন ধরনের সংগঠন আন্দোলনে নেমেছে। এর মধ্যে বিএনপিপন্থী শিক্ষক সংগঠনের যোচা স্কেলে পরিচিত শিক্ষক-কর্মচারী ঐক্যজোট আজ সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কর্মবিরতি ডেকেছে। সরকারপন্থী শিক্ষক সংগঠনগুলোর যোচা শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদও কর্মসূচি ঘোষণার দফে আজ ঢাকায় সংবাদ সম্মেলন ডেকেছে। বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি সহকারী শিক্ষক ফোরাম ইতিমধ্যে প্রস্তাবিত পে স্কেল প্রত্যাখ্যান করেছে। এই সংগঠনটি ১ জানুয়ারি থেকেই কালোব্যান্ড ধারণ করে কর্মসূচি পালন করেছে। এই সংগঠনের মানববন্ধনসহ বিভিন্ন ধরনের কর্মসূচি ২৫ জানুয়ারি পর্যন্ত চলবে। শিক্ষক-কর্মচারী ঐক্য জোটের চেয়ারম্যান অধ্যক্ষ মো. সেলিম ভূঁইয়া শুক্রবার এক বিবৃতিতে বলেন, স্কুল, কলেজ ও মাদ্রাসায় কর্মবিরতি পালন করা হবে। তিনি দলমত নির্বিশেষে কর্মবিরতি পালনের আহ্বান জানিয়ে বলেন, সরকারের সদিচ্ছা থাকলে শিক্ষকরা পে স্কেলের সুবিধা পেতেন। তিনি বলেন, সরকারি কর্মকর্তাদের আর্থিক সুবিধা দেয়ার কারণে মূল্যস্ফীতি দেখা দেবে। তার দাবি শিক্ষকদেরও বইতে হবে। সুতরাং শিক্ষকদেরও আর্থিক সুবিধা বাড়াতে হবে।